দামুড়হুদা পেট্রোল পাম্পে পাওনাদারদের অবস্থান; সেনাবাহিনী ও পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত

দামুড়হুদায় সেনাবাহিনী ও পুলিশের হস্তক্ষেপে দীর্ঘ ২ বছরেরও বেশী সময়ের সমস্যা নিরসন করা হয়েছে। ভুক্তভোগীদের অভিযোগ পেয়ে আজ শুক্রবার দুপুর ৩টার দিকে সেনাবাহিনীর একটি দল ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর মধ্যস্থতাই সমস্যার সমাধান হয়।

জানাগেছে, দুই বছরেরও বেশি সময় ধরে দামুড়হুদা উপজেলা সদরের দশমী পাড়ার আনসার আলীর ছেলে সাবেক ইউপি চেয়ারম্যান মোঃ শরিফুল আলম, আব্দুল মান্নান এর ছেলে মোঃ সেলিম উদ্দিন, আবুল হোসেন এর ছেলে মোঃ মজিবর রহমান এবং ঝিনাইদাহ জেলার শৈলকূপা থানা অন্তর্গত সমিরুদ্দিন বিশ্বাস এর ছেলে মোঃ আব্দুল খালেক দামুড়হুদা ফিলিং স্টেশনের স্বত্বাধিকারী মোঃ শাহজাহান আলীর বিরুদ্ধে অভিযোগ করে এই মর্মে যে, দামুড়হুদা ফিলিং স্টেশনটি শরিফুল আলম লিজ নেয়। কিন্তু শরিফুল আলম এ ব্যবসা না বোঝার কারনে শাহজাহান বলে আমি ব্যবসা করে দিচ্ছি, তোমরা মুলধন দিয়ে ব্যবসা চালু করে দাও। সে মোতাবেক ভুক্তভোগী চারজনের কাছ থেকে বিভিন্ন কৌশলে পাম্প মালিক শাহজাহান প্রায় দেড় কোটি টাকা হাতিয়ে নেয়। প্রাপ্ত টাকার পরিমান শরিফুল আলম ৬০ লক্ষ, আব্দুল খালেক ২৯ লক্ষ, সেলিম উদ্দিন দামুড়হুদা ফিলিং স্টেশনের জমির অর্ধেক অংশের মালিক, মজিবর রহমান ৪৫ লক্ষ। এতো টাকা ইনভেস্ট করে ব্যবসা ভালোই চলে কিন্তু শাহজাহান ব্যবসার কোন লভ্যাংশ কাউকে দেয়না। এক শাহজাহান এর কারনে চার জনই আর্থিক সমস্যায় পড়েন। এক পর্যায়ে পাওনাদাররা টাকা ফেরত চাইলে শাহজাহান বিভিন্ন ভাবে ঘোরাতে থাকে।

পাওনাদার তাদের টাকা দেয়ার জন্য আজ শুক্রবার সকাল থেকে পাম্পের অবস্থান নেয়। আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতি হওয়ার আসংখ্যা হতে পারে। এমন সংবাদ পেয়ে সেখানে দামুড়হুদা থানা পুলিশ ও সেনাবাহিনী উপস্থিত হয়। পরে উভয় পক্ষের অভিযোগ পর্যালোচনা করে আগামী ৩১ অক্টোবর উল্লেখিত টাকা পরিশোধ করার অঙ্গীকার করে লিখিত দেয়

পাম্প মালিক শাহজাহান। অন্যথায় শাহাজাহান তার দামুড়হুদা ফিলিং স্টেশন (তেল পাম্প) মোঃ শরিফুল আলম কে দিয়ে দেবে মর্মে অঙ্গিকার করে রেহায় পায়।

দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি-সম্পাদক কে বন্ধু মহলের শুভেচ্ছা

ঐতিহ্যবাহী দামুড়হুদা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ ও সাধারণ সম্পাদক মুরশেদ বীর ফয়সাল (তানজির) কে বন্ধুদের পক্ষ থেকে ফুলেল শুভেচছা জানিয়েছেন বন্ধু মহল।

আজ শুক্রবার বিকেল আনুমানিক ৫টার দিকে দামুড়হুদার শিবনগর ডিসি ইকো পার্কে আনুষ্ঠানিক ভাবে ফুলেল শুভেচছা দেয়া হয়।

এসময় উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মো:ইমরান হোসেন, ইঞ্জিনিয়ার আক্তার হোসেন, দৈনিক জনতার ইশতেহার প্রত্রিকার সম্পাদক-প্রকাশক মো:আবু হানিফ, ঠিকাদার শাকিল হোসেন, আল জার্জিস, রুবেল প্রমুখ।

এসএসসি ৯২ ব্যাচ দামুড়হুদা উপজেলা দ্বিবার্ষিক কমিটি গঠন

এসো বন্ধু স্মৃতির টানে মিলি আমরা প্রানের বন্ধনে এই স্লোগানকে সামনে রেখে এসএসসি ৯২ ব্যাচ দামুড়হুদা উপজেলা দ্বী বার্ষিক কমিটি গঠন করা হয়েছে। আজ বৃহস্পতিবার বিকাল পাঁচটার দিকে দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজ হলরুমে এ কমিটি গঠন করা হয়।

এসএসসি ৯২ ব্যাচের দামুড়হুদা উপজেলা আহবায়ক কমিটির সভাপতি নাসির উদ্দিনের সভাপতিত্বে উপজেলা১৬ টি উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের সকলেই একত্রিত হয়ে ৫১ সদস্যর আংশিক এই কমিটি গঠন করা হয়।

সভাপতি নাসির উদ্দিন, সিনিয়র সহ-সভাপতি শামসুজ্জোহা পলাশ, সিনিয়র সহ-সভাপতি আব্দুল হালিম ভুট্টু, সহ-সভাপতি ইনামুল করিম শাহ ইনু, সাইফুল ইসলাম মজিবার হালসোনা জাহাঙ্গীর হোসেন লিটন তাহাজ উদ্দিন তাজু, আব্দুল মমিন, আসাদুর রহমান বাদশা।

সাধারণ সম্পাদক আল হেলাল রাজা, সিনিয়র যুগ্ম সম্পাদক মাহফুজুর রহমান বেল্টু, যুগ্ন সাধারণ সম্পাদক, আলাউল হক, আব্দুর রশিদ, আব্দুল গাফফার শক্তি, আসলাম উদ্দীন, ইকবল হোসেন, একরামুল হক লিটন, অর্থ ও দপ্তর বিষয়ক সম্পাদক একরামুল হক, সাংগঠনিক সম্পাদক আব্দুল খালেক। অনুষ্ঠানটি পরিচালনা করেন আল হেলাল রাজা।

দামুড়হুদায় বনবিভাগের গাছ চুরি করে কর্তন, ভূমি অফিসারের হস্তক্ষেপে উদ্ধার

টানা চার দিনের বৃষ্টিতে দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঁঠাতলা নামক স্থান থেকে ৩০ টি ইপিলিপি গাছ রাতের আধারে কেটে নিয়ে যায় কে বা কাহারা।

আজ বুধবার বেলা ১২ টার দিকে দামুড়হুদা উপজেলা সহকারি কমিশনার (ভুমি) কে এইচ তাসফিকুর রহমান এর হস্তক্ষেপে সকল গাছ উদ্ধার করে উপজেলা বনবিভাগের কর্মকর্তা রজব আলির নিকট হস্তান্তর করা হয়।

জানাগেছে, দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঁঠালতলায় সরকারি পরিত্যাক্ত জমিতে বন বিভাগের উদ্যোগে গাছ লাগানো হয়েছিল। টানা ৪ দিনের বৃষ্টিতে কে বা কাহারা রাতের আধারে ইপিলিপি গাছ কেটে নিয়ে যায়। পরে জয়রামপুর সড়ক জনপদের সভাপতি শামসুল আলম গাছ কাটার

খবর পেয়ে তল্লাশি চালিয়ে গাছগুলি উদ্ধার করেন।

বন বিভাগের গাছ কে বা কাহারা চুরি করে কেটেছে এমন খবর পেয়ে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেন। ঘটনাস্থলে গিয়ে তিনি যাচাই-বাছাই করে এগুলো বন বিভাগের গাছ সত্যতা মিললে পরে তিনি গাছগুলি উদ্ধার করে দামুড়হুদা উপজেলা বন বিভাগের কর্মকর্তা রজব আলী মোল্লা’র নিকট হস্তান্তর করেন এবং লিখিত নেন।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান বলেন, রাস্তার ধারে লাগানো গাছ কে বা কারা চুরি করে কেটে নিয়ে যায়। পরে আমি ঘটনস্থলে গিয়ে চুরি হওয়া গাছ গুলো উদ্ধার করা হয়। গাছগুলি বন বিভাগের হওয়ায়, কারো কোন অভিযোগ না থাকায় বন বিভাগের নিকট গাছগুলি হস্তান্তর করা হয়।

এসময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন, হাউলী ইউনিয়ন ভূমি কর্মকর্তা রকিবুল ইসলাম, বিএনপি, যুবদল স্বেচ্ছাসেবক দল, ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় নবগাত নির্বাহী অফিসার মমতাজ মহলের যোগদান

দামুড়হুদা উপজেলায় নবগাত উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হিসাবে যোগদান করেছেন মমতাজ মহল। মঙ্গলবার বেলা সাড়ে ৩ টার সময় তিনি যোগদান করেন।

দামুড়হুদা উপজেলা প্রশাসন অফিস সুত্রে জানাগেছে, নবাগত উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মমতাজ মহল এর আগে মাগুরা জেলার শ্রীপুর উপজেলা নির্বাহী অফিসার হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি বিসিএস ৩৪ তম ব্যাচের প্রশাসনিক ক্যাডার। এর আগে গত ইং ১২/০৯/২০২৪ তারিখ পর্যন্ত ১ বছর ৭ মাস দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা কর্মরত ছিলেন। তিনি বদলী জনিত কারনে যশোর চৌগাছা উপজেলা নির্বাহী অফিসার হিসেবে যোগদান করেছেন। নবাগত দামুড়হুদা

উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মমতাজ মহল দামুড়হুদা উপজেলা বাসীর সহযোগিতা কামনা করেছেন।

দামুড়হুদায় টানা বৃষ্টিপাতে কৃষকের ব্যাপক ক্ষয়ক্ষতি; ভেঙ্গে পরছে মাটির ঘর

সারাদেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় টানা ৩ দিনের বৃষ্টিপাতে কৃষকের সবজি চাষের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। সেই সঙ্গে ভেঙ্গে পরছে মাটির ঘর।

আজ সোমবার সকালে উপজেলার বিভিন্ন স্থান ঘুরে দেখা যায় সবজি চাষের জমিতে বৃষ্টির পানি জমে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এদিকে উপজেলার ডুগডুগি গ্রামের তিনটি পরিবারের মাটির ঘর ভেঙ্গে গেছে।

জানাগেছে, দামুড়হুদা উপজেলায় একটানা তিন দিন বৃষ্টিপাত হওয়ার কারণে ডোবা ও নিচের জমিতে পানি বেধে যায়। এতে পেঁপে গাছ, কাঁচা মরিচ, পাকা ধান ও কপি সহ বিভিন্ন সবজির ক্ষেতে পানি ওঠার কারণে লাল হয়ে মারা যাচ্ছে। অতিরিক্ত বৃষ্টি পাতের কারণে পেঁপে গাছ ভেঙ্গে গেছে। কোথাও কোথাও বৃষ্টির পানি বেঁধে পেঁপে গাছের গোড়া পচন ধরেছে। সেই সাথে কাঁচা মরিচের গোড়ার বৃষ্টির পানি বেঁধে মরিচ গাছ ঝিমিয়ে পড়েছে। গাছের গোরা নরম থাকায় ঝাল তুলতে গেলে গাছ সহ উঠে আসছে। কপি গাছের গোড়ায় বৃষ্টির পানি উঠায় কপি গাছ নষ্ট হয়ে যাছে। অনেকের পুকুরে পানি বোঝায় হয়ে মাছ ভেসে গেছে। টানা বৃষ্টিতে কৃষকের যে ক্ষতি হয়েছে তা পূরুন হবার নয়।

এদিকে বৃষ্টিপাতে উপজেলায় একই গ্রামের ৩টি পরিবারের মাটির ঘর ভেঙ্গে পরছে। উপজেলার ডুগডুগি গ্রামের হামিদুল ইসলাম, জাকির হোসেন ও আশা পাগলার মাটির ঘর ভেঙ্গে পরে গেছে। এতে কারও কোন ক্ষয় ক্ষতি হয়নি। তবে ঘর ভেঙ্গে যাওয়ায় তাদের সমস্যার সৃষ্টি হচ্ছে। প্রাকৃতিক দূযোগের কারণে এমন যেন মেনে নিতে পারছে না সাধারণ মানুষ। নিরবে সহ্য করতে হচ্ছে এ ক্ষতি। কৃষক ও সাধারণ

মানুষের পাশে দাঁড়ানোর জন্য সকলের সুদৃষ্টি কামনা করছে এলাকার সাধরণ কৃষকরা।

কাঞ্চনতলা গ্রামের কৃষক শফিকুল ইসলাম বলেন, আমি দুই বিঘা কপি লাগিয়েছিলাম। দেখছেন তো সব পানির নিচে চলে গেছে। এত খরচ করে ফসল ঘরে তুলতে পারলাম না। আমার কপাল খারাপ। একই গ্রামের রকিবুল ইসলাম বলেন, আমার দুই বিঘা আউশ ধান ছিল। ধান কেটেছি পাঁচ দিন আগে। ধান কাটার পর পরই একটানা ৩-৪ দিন বৃষ্টি হচ্ছে। কাটা ধান বৃষ্টির পানিতে বিচালি সব ডুবে গেছে। ধান সব কল হওয়ার পথে। দুই বিঘা ধান আমার নষ্ট হয়ে গেল। কাকে দুষাবো। আল্লাহ যা ভালো মনে করেছেন তাই হয়েছে।

দামড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, টানা তিন দিনের বৃষ্টিপাতের কারণে সবজি চাষের ব্যাপক ক্ষতি হবে। তবে কি পরিমান ক্ষতি হয়েছে এখনই কিছু বলা যাচ্ছে না। আমরা মাঠ জরিপে আছি। পরবর্তীতে জানা যাবে কতটুকু পরিমাণ জমির সবজি চাষ নষ্ট হয়েছে। কি পরিমাণ ক্ষয়ক্ষতি হয়েছে তা নির্ণয় করা হবে।

দামুড়হুদা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন; সভাপতি পলাশ,সম্পাদক তানজিল

দামুড়হুদা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বেলা সাড়ে ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত দামুড়হুদা প্রেসক্লাবের আয়োজনে দ্বি-বার্ষিক নির্বাচনে সভাপতিত্ব করেন আহ্বায়ক কমিটির আহ্বায়ক শামসুজ্জোহা পলাশ।

এসময় নির্বাচন কমিশনের দায়িত্ব পালন করেন সিনিয়র সাংবাদিক তাছির আহমেদ, আঃসালাম ও হাফিজুর রহমান কাজল। কোনো পদের বিপক্ষে প্রার্থী না থাকলেও সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্ধীতা হয়। সাধারণ সম্পাদক পদে একের অধিক প্রার্থী হওয়ায় গোপন ব্যালটে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। এপদে প্রতিদ্বন্ধীতা করেন আহ্বায়ক কমিটির

সদস্য সচিব মুরশেদ বীন ফয়সাল(তানজির) ও সদস্য মোজাম্মেল শিশির।

বৈধ ২২ভোটের বিপরীতে গোপন ব্যালটে ভোটগ্রহণ শেষে ১৭ভোট পেয়ে সাধারণ সম্পাদক পদে বিজয়ী হয় মুরশেদ বীন ফয়সাল(তানজির), একমাত্র প্রতিদ্বন্ধী প্রার্থী মোজাম্মেল শিশির পেয়েছে মাত্র ৪ভোট।

এদিকে বিনাপ্রতিদন্ধীতায় বিজয়ী হয়েছেন সভাপতি পদে শামসুজ্জোহা পলাশ, সহসভাপতি পদে মিরাজুল ইসলাম মিরাজ, সহ সাধারণ সম্পাদক পদে সাজিদ হাসান সোহাগ, সাংগঠনিক সম্পাদক পদে রকিবুল হাসান তোতা, কোষাধ্যক্ষ পদে শমশের আলী, দফতর সম্পাদক পদে এসএম সুজন, প্রচার ও প্রকাশনা সম্পাদক সালেকিন মিয়া সাগর, নির্বাহী সদস্য পদে তাছির আহমেদ, আঃসালাম, হাবিবুর রহমান, মেহেদী হাসান মিলন, আরিফুল ইসলাম মিলন।

দামুড়হুদায় মোটরসাইকেল দুর্ঘটনায় চালক নিহত আহত -৩

দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঠালতলা নামক স্থানে মোটরসাইকেলের সাথে পথচারিকে ধাক্কা মেরে মোটরসাইকেল চালক বাদশা নামের একজন নিহত হয়েছে। নিহত বাদশা (২৭) চুয়াডাঙ্গা আলোকদিয়া গ্রামের সাইফুল ইসলামের ছেলে ও আহত আলাউদ্দিন (৩৫) জয়রামপুর হাজীপাড়ার মৃত হাশেমের ছেলে, সোহান(১৮) পিতা আক্তার হোসেন আলোকদিয়া চকপাড়ার ও এখলাছ উদ্দীন (২৩) একই গ্রামের নাসির উদ্দিনের ছেলে। আজ রাত ৯ টার দিকে কাঠালতলা নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, চুয়াডাঙ্গা জেলার আলোকদিয়া চকপারার সাইফুল ইসলামের ছেলে বাদশা, সোহান ও নাসির ছেলে এখলাছ একটি অ্যাপাচি ফোর ভি মোটরসাইকেল(যার রেজিস্ট্রেশন নম্বর চুয়াডাঙ্গা – ল, ১২- ৮৫৩৯) দর্শনা দিক থেকে আসার পথে জয়রামপুর কাঠালতলা নামক স্থানে পৌঁছালে জয়রামপুর গ্রামের মৃত হাশেম আলীর ছেলে আলাউদ্দিন রাস্তা পার হওয়ার সময় সরাসরি ধাক্কা মারে। এতে চারজন রক্তাক্ত জখম হয়ে মেইন রাস্তায় ছিটকে পড়ে।

পরে স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কতব্যরত চিকিৎসক আলোকদিয়া চকপাড়ার সাইফুল ইসলামের ছেলে বাদশাকে মৃত ঘোষণা করে। অপরদিকে আলাউদ্দিন, সোহান ও এখলাছকে ভর্তি করে। আলাউদ্দিনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে রাজশাহী রেফার্ড করা হয়। দামুড়হুদা মডেল থানার পুলিশ খবর পেয়ে মোটরসাইকেলটি থানা হেফাজতে নেন।

দামুড়হুদা মডেল থানার এসআই বাকী বিল্লাহ সততা নিশ্চিত করে জানান কাঠালতলা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় একজন নিহত হয়েছে এবং তিনজন আহত হয়েছে নিহতর মোটরসাইকেলটি থানা হেফাজতে নেওয়া হয়েছে। কেউ কোন অভিযোগ করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

দামুড়হুদায় বজ্রপাতে যুবকের মৃত্যু

দামুড়হুদার জয়রামপুরে মাঠে গরু চোরাতে গিয়ে বজ্রপাতে এক যুবকের মৃত্যু হয়েছে।নিহত শাহার আলী (৪০) জয়রামপুর নওদা পাড়া গ্রামের মৃত নবীছদ্দীর ছেলে।

আজ বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে জয়রামপুর নওদা পাড়া গ্রামের পুটিমারী খাল মাঠে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর নওদা পাড়া গ্রামের মৃত নবীছদ্দীনের ছেলে শাহার আলী পুটিমারী খাল মাঠে গরু চোরাতে যায়। এমন সময় বজ্রপাত হলে শাহার আলী আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কতব্যরত চিকিৎসক মেডিকেল অফিসার ডাঃ ফাহমিদা আক্তার রুনা পরিক্ষা নিরিক্ষা করে তাকে মৃত ঘোষনা করেন।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা ডাঃ হেলেনা আক্তার নিপা বলেন, বজ্রপাতে আহত শাহার আলী নামে একজনকে হাসপাতালের জরুরি বিভাগে আনা হয়েছিল। তবে হাসপাতালে পৌঁছানোর আগেই তিনি মারা যান।

চুয়াডাঙ্গা জেলা রেজিস্ট্রারের অফিসে হামলার প্রতিবাদে দামুড়হুদায় মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলা রেজিস্ট্রার মোহাম্মদ আব্দুল মোতালেবের দপ্তরে গতকাল মঙ্গলবার সকালে বর্বরোচিত সন্ত্রাসী হামলার প্রতিবাদে দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রার অফিস ও দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতি মানববন্ধন করেছে।

গতকাল মঙ্গলবার বিকেল আনুমানিক ৪টার দিকে দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রার অফিসের সামনে এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক বজলুর রহমান, কোষাধ্যক্ষ শমশের আলী, দলিল লেখক সাইদুর রহমান, আঃ মজিদ, রেজাউল হক, সাজিদ হাসান সোহাগ, নকল নবিশ লিটন, সহ শতাধিক দলিল লেখক ও সাব রেজিস্ট্রার অফিসের কর্মচারীবৃন্দ।
মানববন্ধনে বক্তারা বলেন, জেলা রেজিস্ট্রারের অফিসে সন্ত্রাসী হামলার সাথে জড়িতদের গ্রেফতার দাবী করে বলেন, অনতিবিলম্বে যদি এ ঘটনায় জড়িতদের গ্রেফতার করে আইনের আওতায় না আনা হয় তাহলে কঠোর কর্মসূচি দেয়া হবে।